

নওগায় খামারবাড়ি দেখিয়ে স্কুল এমপিও: চলছে নিয়োগ বাণিজ্য

প্রতিনিধি, নওগাঁ

নওগাঁর আজাই উপজেলার কাপিকাপুর ইউনিয়নে খামারবাড়ি সদস্যরা একটি ঘর দেখিয়ে পাইকারি আইডিয়াল জুনিয়র হাইস্কুল নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান এয়ার এমপিওভুক্ত হয়েছে। সরেজমিনে গিয়ে দেখা গেছে, স্কুলে কোন ছাত্রছাত্রী নেই, শিক্ষক নেই, কোন যোগাযোগ নেই এবং কোন রাতারাতিও নেই। স্কুলটি এমপিওভুক্ত হওয়ার মতো কোন অধিকাংশ নেই। কিন্তু এমপিও ঘোষণার পর চেয়ার-টেবিলসহ আনুষ্ঠানিক জিনিস কেনা হয়েছে। এমপিও ঘোষণার ১০ দিন আগেও স্কুলের একটি ঘর বহুদিন ব্যবহৃত না হওয়ার কারণে খামারবাড়ি হিসেবে এলাকাবাসী জানেন।

বোঝ নিয়ে জানা গেছে, প্রায় ১০ বছর আগে একটি টিনের ঘর করে কিছু লোকজন স্কুল চালনা করার

চেষ্টা করে। পরবর্তীতে অর্থ ও জনবল না থাকার কারণে উদ্যোগ থেমে যায়। কিন্তু গত ৩১ মে ২০১০ তারিখে খামারবাড়িকে স্কুল দেখিয়ে এমপিওভুক্ত করা হয়। যাতে কাগজ, পোস্তার পর স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম শিক্ষক/কর্মচারী নিয়োগ বাণিজ্যে মেতে উঠেন। জনশ্রুতি ও থেকে ৫ লাখ টাকা নিয়ে রাতারাতি কাগজপত্র ঠিক করে জেলা শিক্ষা অফিস নওগাঁর দপ্তরে জমা দিয়েছেন বলে জানা গেছে। গত ৩ জুন স্কুলের ১০ জন শিক্ষক/কর্মচারী সোনালী ব্যাকে আজাই শাখায় হিসাব নং খুলেছে। এদিকে জেলা শিক্ষা অফিসার মো. বাকিরুল ইসলাম জানান, স্কুলের কাগজপত্রে কিছু ঘাটতি ছিল তবে দ্রুত সম্পন্ন করে নিয়োগ দেয়া হবে শিক্ষক। এ বিষয়ে ওই স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম জানান, প্রথম দিকে কিছু কাগজপত্র ঘাটতি ছিল তবে তা পূরণ করা হয়েছে।